

**খাতওয়ারী মে ২০২১ সালের সাফল্য- বাংলাদেশ কোস্ট গার্ড**

১। **সর্বমোট অর্জন।** বাংলাদেশ কোস্ট গার্ড মে ২০২১ মাসে সর্বমোট ৮৯ কোটি ২৩ লক্ষ ১৯ হাজার ৩০ টাকা মূল্যের অবৈধ মালামাল আটক করে।

২। **চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য।** মে ২০২১ মাসে চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে সর্বমোট ২১ কোটি ০২ লক্ষ ৯৭ হাজার ৮০০ টাকার অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
<b>চোরাচালান পণ্য</b>			
১।	বার্খিং হাউজার/ ওয়্যার রোপ	১,০৬০ মিটার	১১,৫৬,৪০০/০০
২।	ম্যাগনেটিক পিলার	০১ টি	২০,০০,০০,০০০/০০
৩।	সামুদ্রিক মাছ	২,১৯১ কেজি	২,৭০,০০০/০০
৪।	ইট	৪,২০০ পিস	৭১,৪০০/০০
৫।	বোট/ট্রাক	০৪ টি	৮৮,০০,০০০/০০
<b>অস্ত্র উদ্ধার</b>			
১।	অস্ত্র	০১ টি	-
<b>মৎস্য সম্পদ</b>			
১।	কারেন্ট জাল	১,২৩,৮১,৭৫০ মিটার	৪৩,৩৩,৬১,২৫০/০০
২।	বেহন্দি/মশারি জাল	৭৯৬ টি	৩,৯৯,৯৫,০০০/০০
৩।	অন্যান্য জাল	২৯,০৪,০৩০ মিটার	১৫,৬৮,১২,০৫০/০০
৪।	জাটকা	৮১৫ কেজি	৩,২৩,০০০/০০
৫।	রেনু পোনা	৩৬,৯৩,১১৫ পিস	৭৩,৮৬,২৩০/০০
৬।	বোট	৩৭ টি	৩৬,১০,০০০/০০
<b>মাদকদ্রব্য</b>			
১।	ইয়াবা	১,৩১,৩৫৫ পিস	৩,৯৪,৬৪,৭০০/০০
২।	গাঁজা	৩০০ গ্রাম	৯,০০০/০০
৩।	অটোরিক্সা/বোট	০৩টি	১০,০০,০০০/০০
<b>বনজ সম্পদ</b>			
১।	বিভিন্ন প্রকার কাঠ	১২০ ঘনফুট	৬০,০০০/০০
<b>আটককৃত জনবল</b>			
১।	বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	১৬ জন	-
<b>উদ্ধার অভিযান</b>			
১।	অপহৃত ব্যক্তি উদ্ধার	০১ জন	-
২।	মৃতদেহ উদ্ধার	০১ টি	-

৩। **মৎস্য সম্পদ রক্ষা অভিযান।** ১০ নভেম্বর ২০২০ হতে জাটকা নিধন প্রতিরোধ অভিযান ২০২১ উপলক্ষ্যে অতিরিক্ত স্টেশন/আউটপোস্ট স্থাপনের মাধ্যমে অভিযান পরিচালনা করা হচ্ছে। মৎস্য সম্পদ রক্ষা অভিযানে মে ২০২১ মাসে সর্বমোট ৬৪ কোটি ১৪ লক্ষ ৮৭ হাজার ৫৩০ টাকার ১,২৩,৮১,৭৫০ মিটার কারেন্ট জাল, ২৯,০৪,০৩০ মিটার অন্যান্য জাল, ৭৯৬টি বেহন্দি/মশারি জাল, ৮১৫ কেজি জাটকা, ৩৬,৯৩,১১৫ পিস রেনু পোনা ও ৩৭ টি বোট আটক করা হয়।

৪। ডাকাত বিরোধী বিশেষ অভিযান। গত ২০ মে ২০২১ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে, বিসিজি স্টেশন হাতিয়া কর্তৃক নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার সুখচর ইউনিয়নের ঢালচর এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানে পরিত্যক্ত অবস্থায় ০১টি একনলা বন্দুক ও একজন অপহৃত ব্যক্তি উদ্ধার করা হয়। পরবর্তীতে উদ্ধারকৃত অস্ত্র হাতিয়া থানায় ও অপহৃত ব্যক্তিকে পরিবারের নিকট হস্তান্তর করা হয়।

৫। উদ্ধার অভিযান। গত ১৩ মে ২০২১ তারিখে মেঘনা নদীর চাঁদপুর মোহনায় ব্লাকহেড এমভি আল্লাহর রহমত এর সাথে ০১টি বোটের সংঘর্ষ ঘটে এবং বোটের ০১ জন পানিতে পড়ে যায়। তৎক্ষণাত বিসিজি স্টেশন চাঁদপুর কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে ০১টি মৃতদেহ উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত মৃতদেহ পুলিশের উপস্থিতিতে পরিবারের নিকট নিরাপদে স্থানান্তর করা হয়।